

# ‘পরাজিতরা আমাদের সহযোদ্ধা, তাদের পরামর্শ অনুযায়ী কাজ করব’

অনলাইন ডেক্স

১৭ অক্টোবর ২০২৫, ১২:৪০ পিএম



রাকসুর ফলাফল ঘোষণা শেষে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন ভিপি মোস্তাকুর রহমান জাহিদ। ছবি: সংগৃহীত

রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (রাকসু) নবনির্বাচিত ভিপি মোস্তাকুর রহমান জাহিদ বলেছেন, ‘যারা পরাজিত তারাও আমাদের সহযোদ্ধা। তাদের লিডারশিপ কোয়ালিটি আছে। তাদের প্রতি আমাদের নবনির্বাচিতদের শন্দা। তাদের পরামর্শ অনুযায়ী আমরা কাজ করব।’

শুক্রবার (১৭ অক্টোবর) সকালে রাকসুর ফলাফল ঘোষণা শেষে সংবাদ সম্মেলনে এসব কথা বলেন তিনি।

মোস্তাকুর রহমান জাহিদ বলেন, ‘আমাদের বিজয়ের পেছনে শিক্ষার্থীদের ভূমিকাই সব। যারা পরাজিত হয়েছেন তাদের অনুরোধ করব, আপনারা আমাদের সহযোগিতা করবেন। আমরা চাইব, তারা সবসময় আমাদেরকে সহযোগিতা করুক। সবার ইশতেহারগুলো এক করে সমন্বয় করে অগ্রাধিকারের ভিত্তিতে আমরা কাজ করব।’

তিনি বলেন, ‘জ্ঞান বিপ্লবের পর ফ্যাসিবাদবিরোধী প্রত্যেকটি দল আমরা রাকসুর জন্য আন্দোলন করেছি। নানা ষড়যন্ত্রের পর রাকসু নির্বাচন হয়েছে, আলহামদুলিল্লাহ। এই সফলতার জন্য রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রত্যেকটি শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে কৃতজ্ঞতা জানাই।’

এদিকে নবনির্বাচিত রাকসুর জিএস সালাউদ্দিন আমার বলেন, ‘আমার ম্যাণ্ডেট শিক্ষার্থী, সুতরাং তাদের জন্যই আমি কাজ করব। শিক্ষক-কর্মকর্তাদের একটা গ্রাউন্ড থাকবে, তবে শিক্ষার্থীরাই আমার কাছে সব।’